**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**(Residential Autonomous College under University of Calcutta)**

**M.A./M.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2014**

**FIRST YEAR**

Date : 23/05/2014 **BENGALI**

Time : 11 am – 3 pm Paper : V Full Marks : 72

**(প্রত্যেক বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার কর)**

## বিভাগ - ক

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) ‘শাজাহান’ কবিতায় ইতিহাসের সঙ্গে মিশে গেছে এক জীবনদর্শন। কবিতার বিশ্লেষণের মাধ্যমে এই তত্ত্বটি পরিস্ফুট কর।

খ) ‘বাংলা থেকে বহুদূরে এক অন্যরকমের প্রকৃতিতে বসে রচিত কবিতা বলাকা’। সেই অন্যতর প্রকৃতির ছবি কেমন করে মানব সভ্যতার একটি দর্শনকে প্রকাশ করলো এই কবিতায়, তা বিশ্লেষণ কর।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) ‘শাশ্বতী’ কবিতায় প্রকৃতি-সময়-প্রেম একটি অপূর্ব ত্রিকোণ রচনা করেছে। কবিতাটি বিশ্লেষণ করে এই সত্য পরিস্ফুট কর।

খ) বিষ্ণু দের ‘দামিনী’ কি রবীন্দ্রনাথের দামিনীর পুনর্নির্মাণ —যথাযথ তুলনার মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা কর।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) রবীন্দ্রনাথ বলেছেন তাঁর নাটকে স্থানাভাব থাকায় তিনি একই দেহে রাবণ ও বিভীষণকে গড়ে তুলেছেন। —মন্তব্যটির সারবত্তা বিচার কর।

খ) কিশোর চরিত্রটি প্রথম এসেছে ‘রক্তকরবী’ নাটকের দশম খসড়ায়। এই কিশোর ও নন্দিনীর প্রেম সম্পর্কের স্বরূপ ও নাটকে তার প্রয়োজনীয়তা বিশ্লেষণ করে দেখাও।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) ‘দেবীগর্জন’ নাটকের গঠনশৈলী আলোচনা কর।

খ) ‘দেবীগর্জন’ নাটকের সংলাপ সম্পর্কে আলোচনা কর।

## বিভাগ - খ

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) ‘চোখের বালি’ উপন্যাসে বিনোদিনী চরিত্রটি বিশ্লেষণ কর।

খ) বাল্যবিবাহ, বিধবা বিবাহ, বহুবিবাহ ‘চোখের বালি’ উপন্যাসে কতটা ধরা পড়েছে তা আলোচনা কর।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) বর্ণ, শিক্ষা ও অর্থগত কৌলীন্যের ভূমিকা বদলে গণদেবতা উপন্যাসের অঞ্চলপট কীভাবে আলোকিত হয় তা বিশ্লেষণ কর।

খ) ‘গণদেবতা’ উপন্যাসে দুর্গা ও পদ্ম কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা আলোচনা কর।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) অমল-চারুর অন্তরঙ্গ সম্পর্কটি কীভাবে রচিত হয়েছিল, তা আলোচনা কর।

খ) নারীর আত্মমর্যাদার প্রশ্নে রবীন্দ্রনাথের সবচেয়ে সোচ্চার চরিত্র মৃণাল — আলোচনা কর।

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (1 × 9)

ক) কালান্তরের কথা বললেও ‘জলসাঘরে’ তারাশঙ্করের পক্ষপাত গোপন থাকেনি — ব্যাখ্যা কর।

খ) ‘শুধু কেরানি’ গল্পের নামকরণের তাৎপর্য বিচার কর।